# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ বেলায়াত, আওলিয়া ও ইলম বিষয়ক

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩৭. মি’রাজের রাতে ত্রিশ হাজার বাতিনী ইলম গ্রহণ

আমরা আগেই বলেছি যে, বুজুর্গগণের নামে জাল গ্রন্থ রচনা বা তাদের গ্রন্থের মধ্যে জাল হাদীস ঢুকানো জালিয়াতগণের প্রিয় কর্ম। শাইখ আব্দুল কাদির জিলানী (রাহ)-এর নামে প্রচলিত ‘সিররুল আসরার’ নামক পুস্তকে নিম্নরূপে লেখা হয়েছে: “এ একান্ত গুপ্ত ত্রিশ হাজার এলম মেরাজ শরীফের রাতে আল্লাহ তাআলা হুযুর (ﷺ)-এর কলব মোবারকে আমানত রাখেন। হুযুর (ﷺ) তাঁর অত্যাধিক প্রিয় সাহাবা এবং আসহাবে সুফ্ফাগণ ব্যতীত অন্য কোনো সাধারণ লোকের কাছে সে পবিত্র আমানত ব্যক্ত করেননি।...”[1]

যারা শাইখ আব্দুল কাদির (রাহ)-এর নামে এ জাল কথা প্রচার করেছে সে জালিয়াতগণকে আল্লাহ তাদের প্রাপ্য প্রদান করবেন। আল্লাহ ও তাঁর রাসূলের (ﷺ) নামে কী জঘন্য ডাহা মিথ্য কথা! রাসূলুল্লাহ (ﷺ)-এর একজন প্রিয় সাহাবী বা একজন সুফ্ফাবাসী থেকেও এইরূপ কোনো কথা সহীহ বা যয়ীফ সনদে বর্ণিত হয় নি।

### ফুটনোট

[1] সিররুল আসরার, পৃ. ৪৫।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4898

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন